Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: নীল আঁধারের বৃষ্টি

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Wed, Mar 19, 2025 at 2:43 PM
To: ucaliptas909@gmail.com

নীল আঁধারের বৃষ্টি
তাফিফ বিন জামিল

ভিজে ঘাসের গন্ধে ছেয়ে যায় পথ, চারিদিক ভেসে যায়
কদম গাছে পাখিরা স্তব্ধ হয়ে নিশ্চুপ বসে আছে,
কোনো এক নদীর বাঁকে ঢেউয়ের শতদল তীরে এসে হারায়
ঝিঁঝিঁর গানে জেগে উঠে বসন্তের পত্রপল্লব গাছে গাছে।

তালগাছের ছায়ায় পত্রশুন্য জারুল গাছে বসে আছে বক
তার চোখে পড়ে আকাশের ঘনকালো মেঘের ছায়া,
চাষিরা মাঠে কর্ম্মমুখর—তাদের চোখে যেনো পড়েনা পলক;
ঘনিয়েছে সন্ধ্যাবেলা—তবু উঠোনে এখনো পড়েনি কারো মায়া।

মাঠের পথ ধরে একা হেঁটে যায় এলোমেলো শীতল বাতাস
আধো ভাঙা নৌকা পড়ে আছে নদী তীরে জলে;
তাহার দক্ষিণে বটের পাশেই ছাড়িয়াছে দুই জোড়া শ্বাস;
শালিক—আর সাথে এক জোড়া শ্যামা কদম গাছের তলে।

সোনালি ধানক্ষেতে শিশিরের জল মুক্তার মতো পড়ে ,
দূরে ঝরা কামিনী ফুলের ঘ্রাণে ঘুমিয়ে পড়ে বাঁকা নদী,
নীল আঁধারের বৃষ্টিতে ভিজবো শূন্য রাতে—এই বাংলার পরে;
কেউ ফিরে এসে আবার আমায় একবার ডাকে যদি।

রচনাকাল: ০৫ চৈত্র ১৪২৮।